

149507 - তিনদিন পর মৃতের পরিবারকে সান্ত্বনা দেয়ার হুকুম

প্রশ্ন

আমাদের এখানের প্রথা হচ্ছে মৃতের পরিবারকে সান্ত্বনা দেয়া তিনদিনের বেশি সময় পর্যন্ত অব্যাহত থাকা— দূরত্বের কারণে এবং আমাদের কেউ কেউ মৃতব্যক্তির মৃত্যুর সংবাদ দেরীতে পাওয়ার কারণে। অর্থাৎ তিনদিনের পর কিংবা এর চেয়ে অধিক সময়। কখনও চারদিনও চলমান থাকে। এর হুকুম কি?

প্রিয় উত্তর

সান্ত্বনা দেয়ার সুনির্দিষ্ট কোন সময়সীমা নেই; না তিনদিন; আর না এর চেয়ে বেশি সময়। হতে পারে সান্ত্বনাদানকারীগণ চারদিন পর বা পাঁচদিন পর জেনেছে। মূলকথা এর কোন নির্দিষ্ট সময়সীমা নেই। সান্ত্বনাদানকারী সান্ত্বনা দেয়ার নির্দিষ্ট কোন সময় নেই। যদি তিনদিন পর, চারদিন পর বা পাঁচদিন পর যখন তার কাছে সংবাদ পৌঁছেছে তখন সান্ত্বনা দেন এতে কোন অসুবিধা নেই। তিনদিন হলো শোকপ্রকাশের সময়সীমা। অর্থাৎ মৃতব্যক্তির নিকটাত্ত্বীয় নারীর শোকপ্রকাশ করার সময়সীমা। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “স্বামী ছাড়া অন্য কোন মৃতব্যক্তির জন্য নারী তিনদিনের বেশি শোকপ্রকাশ করবে না।” তাই মৃতের নিকটাত্ত্বীয় নারীদের জন্য তিনদিনের বেশি শোকপ্রকাশ করা নাজায়ে পক্ষান্তরে সান্ত্বনা দেয়ার সময় তিনদিনে নির্দিষ্ট নয়। অনুরূপভাবে প্রতিবেশী ও আত্মীয়দের পক্ষ থেকে তাদের জন্য খাবার পাঠানোর কোন সময়সীমা নেই। তাই কোন প্রতিবেশী যদি তিনদিনের পর তাদের জন্য খাবার প্রস্তুত করে; যেহেতু তারা তখনও তাদের মুসিবতে ব্যস্ত— তাতে কোন অসুবিধা নেই। আমাদের জানা মতে, শরিয়তে এর কোন নির্দিষ্ট সময়সীমা নেই।[সমাপ্ত]

মাননীয় শাহীখ আব্দুল আয়ির বিন বায (রহঃ)

[ফাতাওয়া নুরুন আলাদ দারব (২/১১২৭)]